মেহেরপুরে লক্ষ্যমাত্রার বেশি শিশুকে ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো হয়েছে

জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন-২০২৩ এর আওতায় মেহেরপুর জেলায় লক্ষ্যমাত্রার চেয়ে বেশি শিশুকে ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো হয়েছে।

আজ মঙ্গলবার (১২ ডিসেম্বর) মেহেরপুর পৌরসভা ও তিনটি উপজেলাকে ৫৪ টি ওয়ার্ডে বিভক্ত করে একযোগে মোট ৪৭৫ টি কেন্দ্রের মাধ্যমে সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত জেলার সকল ৬-১১ মাস বয়সী ৮৪৩০ জন শিশুকে একটি করে নীল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল (১ লাখ আইইউ) এবং ১২-৫৯ মাস বয়সী ৬১০৪৩ জন শিশুকে লাল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল (২ লাখ আইইউ) খাওয়ানো হয়েছে।

ইতোপূর্বে গত ৬ ডিসেম্বর সিভিল সার্জন মেহেরপুরের সম্মেলন কক্ষে জেলায় কর্মরত সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণের সাথে অনুষ্ঠিত এক ওরিয়েন্টেশন সভায় সিভিল সার্জন ডা. মহী উদ্দিন আহমেদ জানিয়েছিলেন মেহেরপুর জেলায় এবছর ৬৮ হাজার ৬৫৭ জন শিশুকে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনের আওতায় আনা হবে।

সিভিল সার্জন ডা. মহী উদ্দিন আহমেদ বলেন, ‘আমরা লক্ষ্যমাত্রার চেয়েও বেশি শিশুকে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনের আওতায় আনতে পেরেছি। আমাদের সকলের জন্য এটা আনন্দের একটি বিষয়। এবার জেলায় ৬-১১ মাস বয়সী ৮৪৯৭ জন শিশুকে টিকা খাওয়ানোর লক্ষ্যমাত্রা থাকলেও খাওয়ানো সম্ভব হয়েছে ৮৪৩০ জনকে। আর ১১-৫৯ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা ৬০৯২৫ জন থাকলেত টিকা খাওয়ানে সম্ভব হয়েছে ৬১০৪৩ জনকে। ক্যাম্পেইনের সার্বিক তদারকি করতে জেলা ও উপজেলা পর্যায়ে কন্ট্রোল রুম খোলা হয়েছিলো। ‘

এ সময় তিনি আরো বলেন, ভিটামিন ‘এ’ ক্যাপসুল শিশুর অপুষ্টি, অন্ধত্ব প্রতিরোধ, দেহের স্বাভাবিক বৃদ্ধি নিশ্চিত, হাম ও ডায়রিয়াজনিত মৃত্যুর হার হ্রাসসহ সব ধরনের মৃত্যুর হার হ্রাস করে।’

গাংনীতে পিএসকেএস এর উদ্যোগে মাঠ দিবস অনুষ্টিত

মেহেরপুর জেলার গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় প্রাণিসম্পদ মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে গাংনী শাখার হিজলবাড়িয়া গ্রামে ৭৫ জন খামারি নিয়ে নিবিড় পদ্ধতিতে মাচায় খাসি মোটাতাজা করণ বিষয়ে “প্রাণিসম্পদ খামার দিবস” অনুষ্ঠিত হয়।

উক্ত প্রাণীসম্পদ খামার দিবসে খাসি মোটাতাজা করণের উপকারিতা, কিভাবে অল্প খরচে খাসি মোটাতাজা করা যায়, খাসি মোটাতাজা করণের জন্য সুষম খাদ্য ব্যাবস্তাপনা কিভাবে করতে হয়, খাসি মোটাতাজা করণের চ্যালেঞ্জ সমূহ সহ ইত্যাদি আনুষঙ্গিক বিষয়ে খামারিদের অবহিত করা হয়।

এছাড়াও গবাদিপশু পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ (পিপিআর,এফএমডি, তড়কা,এলএসডি) ও তার প্রতিকার, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ ব্যাবহার রোধ,এফএমডি, তড়কা, পিপিআর রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা,মাচায় ছাগল পালনের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়।

এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে অবহিত করা হয়।

উক্ত খামার দিবসে রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য ও প্রাণিসম্পদ কর্মকর্তা ও উপসহকারী কর্মকর্তা বৃন্দ।উক্ত খামার দিবস বাস্তবায়নে আর্থিক ভাবে সহোযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ)।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে নবীন বরণ অনুষ্ঠিত

এসো নতুন করি বরণ, তোমাদের আগমনে ধন্য হোক এ ভুবন এ শ্লোগানকে ধারণ করে মেহেরপুর সরকারি মহিলা কলেজ এ নবীন বরণ ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১২ ডিসেম্বর) বেলা সাড়ে এগারটার দিকে কলেজ চত্ত্বরে মেহেরপুর সরকারি মহিলা কলেজের আয়োজনে নবীন শিক্ষার্থীদের ফুল ও মিষ্টি খাইয়ে বরণ করে নেওয়া হয়।

কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ রফিকুল ইসলামের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড.আব্দুস সালাম।

বিশেষ অতিথি হিসেবে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মুজিবনগর সরকারী কলেজের প্রাক্তন অধ্যক্ষ প্রফেসর মোঃ আশরাফুল ইসলাম,কথাসাহিত্যিক রফিকুর রশীদ,প্রাক্তন সহকারী অধ্যাপক ড. গাজী রহমান, জেলা মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হিরা প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে পতাকা উত্তোলন ও জাতীয় সংগীতের মাধ্যমে অনুষ্ঠান শুরু করে কলেজের পক্ষ থেকে আমন্ত্রিত অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেয়া হয়।

দ্বিতীয় পর্বে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মুজিবনগরে সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির ৮ম বার্ষিক সাধারণ সভা

মুজিবনগরে সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির ৮ম বার্ষিক সাধারণ সভা-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে সমবায় সমিতির অফিস প্রাঙ্গণে এই সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

সু প্রতিবেশী মহিলা সমবায় সমিতি সভাপতি রেহেনা খাতুনের সভাপতিত্বে এবং কো-অপারেটিভ অফিসার জয় চক্রবর্তী ও মেহেরপুর সিডিপি এর সিএমসি সাবানা খাতুন এর সঞ্চালনায়,বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সমবায় অফিসার শ্রী প্রভাস চন্দ্র বালা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা সমবায় অফিসার জহুরুল ইসলাম, গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি ম্যানেজার বিভব দেওয়ান, গুডনেইবারস এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ, গুডনেইবার্সের মেডিকেল অফিসার ডাক্তার শুভ কুমার মজুমদার, সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতির সাধারণ সম্পাদক আনজুয়ারা খাতুন, কোষাধ্যক্ষা নাসিমা খাতুন।

বার্ষিক সাধারণ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন পেশ, নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন,২০২২-২৩ সালের আয় ব্যয় উপস্থাপন, আর্থিক বিবরণী হিসাবব নিকাশ পেশ, ঋণের সর্বোচ্চ সীমা নির্ধারণ এবং ২০২৩-২৪ সালের প্রস্তাবিত বাজেট ও সম্পূরক বাজেট উপস্থাপন আর্থিক বছরের জন্য প্রাক্কলিত বাজেট পর্যালোচনা, সার্ভিস রোল প্রণয়ন ও কর্মচারী নিয়োগ সংক্রান্ত, কার্যভাতা ও উৎসাহ ভাতা বার্ষিক লভ্যাংশের হিসাব উপস্থাপন, সদস্য ভর্তি ও বাতিল সংক্রান্ত সাধারণ আলোচনা অনুষ্ঠিত হয়।

সেই সাথে আমন্ত্রিত অতিথিবৃন্দ কো-অপারেটিভ এর সার্বিক উন্নয়নের গুডনেইবারর্স এর সম্পৃক্ততা নারীর ক্ষমতায়ন ও নারীর উন্নয়নের সমবায় সমিতির ভূমিকা, সমবায় সমিতির উন্নয়নে উপজেলা সমবায়ের ভূমিকা বিষয়ে আলোচনা করেন।

সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভায় সমিতির ২৭৫ জন সদস্য অংশ অংশগ্রহণ করেন।

ভবিষ্যতে আরও সতর্ক থাকবো শোকজের জবাবে জনপ্রশাসন প্রতিমন্ত্রী

আচরণবিধি ভঙ্গের কথা অস্বীকার করে এবং ভবিষ্যতে আরো সতর্ক থাকার প্রতিশ্রুতি দিয়ে নির্বাচন অনুসন্ধান কমিটির দেওয়া শোকজের উত্তর দিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রীর প্রতিনিধিরা।

আজ মঙ্গলবার দুপুর সাড়ে ১২টায় মেহেরপুর-১ সংসদীয় আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং মেহেরপুর যুগ্ম জেলা ও দায়রা জজ আদালত-২ এর বিচারক এইচ এম কবির হোসেনের খাস কামরায় শোকজের উত্তর দেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের মনোনিত প্রতিনিধিগণ।

জনপ্রশাসন প্রতিমন্ত্রীর প্রতিনিধি হিসেবে শোকজের উত্তর দিতে আসেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী দুলাভাই বাবলু বিশ্বাস, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন ও অ্যাডভোকেট শফিকুল ইসলাম।

অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয় থেকে জানা গেছে, শোকজ এর উত্তরে প্রতিমন্ত্রীর প্রতিনিধিরা বলেছেন, ‘জনপ্রশাসন প্রতিমন্ত্রী রাষ্ট্রীয় সফরে মেহেরপুর এসেছিলেন। সদর উপজেলার কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা অসুস্থ শুনে তিনি মানবিক কারণে রাষ্ট্রীয় গাড়ি ব্যবহার করে জনপ্রশাসন প্রতিমন্ত্রী চেয়ারম্যান কে দেখতে তার বাড়ি যান। জনপ্রশাসন প্রতিমন্ত্রী দুই বারের নির্বাচিত সাংসদ হওয়াতে এলাকায় তার ব্যাপক জনপ্রিয়তা রয়েছে। তার আগমনের খবর পেয়ে সাধারণ জনগণ চেয়ারম্যানের বাসভবনে সামনে ভিড় করে। এসময় তিনি চার দেয়াল এর মধ্যে তাদের সাথে শুভেচ্ছা বিনিময় করেছেন মাত্র, কোন জনসভা করেননি।’ একই সাথে

নির্বাচনের আচরণবিধে নিয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ভবিষ্যতে আরো সতর্ক থাকবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন।

উল্লেখ্য, নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ফরহাদ হোসেনকে গত রবিবার নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এইচ এম কবির হোসেন এ শোকজ নোটিশ করেছিলেন। নোটিশে বলা হয়েছিল, ‘কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যানের শোলমারীস্থ বাসভবনের সামনে জনপ্রশাসন প্রতিমন্ত্রী নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করেন এবং সরকারি গাড়িযোগে পুলিশ প্রটোকলসহকারে জনসভায় উপস্থিত হন। যা সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা-২০০৮ এর বিধি ১২ ও ১৪ (২) এর লঙ্ঘন।’

মেহেরপুরের রেডক্রিসেন্ট সোসাইটির নির্বাচন নিয়ে আইনী নোটিশ

দায়িত্বে অবহেলা ও সঙ্গোপনে বাংলাদেশ রেড ক্রিসেন্ট মেহেরপুর ইউনিটের নির্বাচন-২০২৩ সম্পন্ন করার অভিযোগ তুলে আইনগত নোটিশ পাঠিয়েছেন রেহেনা খাতুন নামের এক আজীবন সদস্য। নোটিশে বিবাদি করেছেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও রেড ক্রিসেন্ট ইউনিট মেহেরপুর ইউনিটের সভাপতি মহা. আব্দুস সালাম, সাধারণ সম্পাদক খন্দকার একরামুল হক ও নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি নুরুল আহমেদকে।

নোটিশে রেহেনা খাতুনের আইনজীবী সেলিম রেজা বলেন, রেহেনা খাতুন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, মেহেরপুর ইউনিটের একজন আজীবন সদস্য। তিনি নির্বাচনের বিষয় অবগত হতে পারেননি নাই। গত ২ ডিসেম্বর ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে জানতে পারেন যে, প্রধান নির্বাচন কমিশনার নুরুল আহমেদ ইতিমধ্যেই নির্বাচন- ২০০৩ সম্পন্ন করেছেন।

নির্বাচন বিষয়ে আদৌ কোন প্রচার প্রচারনা বা বিজ্ঞপ্তি প্রচার করে নাই বলে তিনি অভিযোগ করেন। প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও সেক্রেটারী কর্তৃক ৫১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে আলোচ্য সূচিতে ২০২৪-২০২৬ মেয়াদের নির্বাচন সংক্রান্ত আলোচনার বিষয়টি উল্লেখ থাকিলেও উল্লেখিত সাধারণ সভায় উপস্থিত হইয়া নির্বাচন সম্পন্ন হওয়ার বিষয়টি জানতে পেরে তিনি হতবাক হন।

তিনি আরো বলেন, রেহেনা খাতুন নির্বাচনে অংশগ্রহণের ইচ্ছা থাকা সত্বেও অংশগ্রহণ করিতে পারেননি। বিবাদীগণের যোগসাজসে সম্পাদিত নির্বাচনী ফলাফল বাতিল করে নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে পুনরায় তফসিল ঘোষনা পূর্বক সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করার দাবি করেছেন। অন্যথায় তিনি আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন।দায়িত্বে অবহেলা করে সঙ্গোপনে বাংলাদেশ রেড ক্রিসেন্ট মেহেরপুর ইউনিটের নির্বাচন-২০২৩ সম্পন্ন করার অভিযোগ তুলে আইনগত নোটিশ পাঠিয়েছেন রেহেনা খাতুন নামের এক আজীবন সদস্য। নোটিশে বিবাদি করেছেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও রেড ক্রিসেন্ট ইউনিট মেহেরপুর ইউনিটের সভাপতি মহা. আব্দুস সালাম, সাধারণ সম্পাদক খন্দকার একরামুল হক ও নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি নুরুল আহমেদকে।

নোটিশে রেহেনা খাতুনের আইনজীবী সেলিম রেজা বলেন, রেহেনা খাতুন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, মেহেরপুর ইউনিটের একজন আজীবন সদস্য। তিনি নির্বাচনের বিষয় অবগত হতে পারেননি নাই। গত ২ ডিসেম্বর ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে জানতে পারেন যে, প্রধান নির্বাচন কমিশনার নুরুল আহমেদ ইতিমধ্যেই নির্বাচন- ২০০৩ সম্পন্ন করেছেন। নির্বাচন বিষয়ে আদৌ কোন প্রচার প্রচারনা বা বিজ্ঞপ্তি প্রচার করে নাই বলে তিনি অভিযোগ করেন। প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও সেক্রেটারী কর্তৃক ৫১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে আলোচ্য সূচিতে ২০২৪-২০২৬ মেয়াদের নির্বাচন সংক্রান্ত আলোচনার বিষয়টি উল্লেখ থাকিলেও উল্লেখিত সাধারণ সভায় উপস্থিত হইয়া নির্বাচন সম্পন্ন হওয়ার বিষয়টি জানতে পেরে তিনি হতবাক হন।

তিনি আরো বলেন, রেহেনা খাতুন নির্বাচনে অংশগ্রহণের ইচ্ছা থাকা সত্বেও অংশগ্রহণ করিতে পারেননি। বিবাদীগণের যোগসাজসে সম্পাদিত নির্বাচনী ফলাফল বাতিল করে নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে পুনরায় তফসিল ঘোষনা পূর্বক সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করার দাবি করেছেন। অন্যথায় তিনি আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন।

মেহেরপুরের নতুন এসপি এস এম নাজমুল হক

নির্বাচন কমিশনের (ইসি) নির্দেশের পর দুই মহানগর পুলিশের কমিশনার এবং পাঁচ জেলার পুলিশ সুপারদের (এসপি) অন্যত্র বদলি করে সেখানে নতুন কমিশনার ও এসপি নিয়োগের প্রস্তাবে অনুমোদন দিয়েছে ইসি।

মেহেরপুরে নতুন এসপি যোগদান করছেন ডিএমপির উপপুলিশ কমিশনার এস এম নাজমুল হক। তিনি ডিএমপির কাউন্টার টেরোরিজম ইনভেষ্টিগেশন বিভাগের দায়িত্বে ছিলেন।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের জ্যেষ্ঠ সচিবের মাধ্যমে ইসিতে এই প্রস্তাব করা হয়েছিল। আজ সোমবার তাতে অনুমোদন দিয়েছে ইসি।
মেহেরপুরের এসপি মো. রাফিউল আলমকে পিবিআইয়ের এসপি হিসেবে বদলি করা হয়েছে। আর মেহেরপুরে এসপি পদে তাঁর স্থলাভিষিক্ত হচ্ছেন ডিএমপির উপপুলিশ কমিশনার এস এম নাজমুল হক।

গতকাল রোববার ব্রাহ্মণবাড়িয়ার ডিসি, বরিশাল ও সিলেট মহানগরের পুলিশের কমিশনার এবং হবিগঞ্জ, পিরোজপুর, নোয়াখালী, সাতক্ষীরা ও মেহেরপুরের পুলিশ সুপারকে তাঁদের নিজ নিজ কর্মস্থল থেকে প্রত্যাহারের সিদ্ধান্তের কথা জানায় ইসি। একই সঙ্গে তাঁদের জায়গায় অভিজ্ঞ ও যোগ্য কর্মকর্তাদের পদায়নের প্রস্তাব ইসিতে পাঠানোর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিবদের চিঠি দেয় ইসি। এ ছাড়া মানিকগঞ্জ সদর, সিংগাইর ও গাজীপুরের শ্রীপুর থানার ওসিকে জেলার বাইরে বদলির নির্দেশ দিয়েছে ইসি।

গাংনীতে অধিক মুল্যে মাংস বিক্রয়, দুই ব্যবসায়ীকে জরিমানা

সরকার নির্ধারিত মুল্য না মেনে বেশি দামে গরুর মাংস বিক্রির অপরাধে মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে দুই মাংস ব্যবসায়ীর নিকট থেকে ৭ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমান আদালত। সোমবার (১১ ডিসেম্বর) সকাল ১১টার দিকে গাংনী উপজেলার কাথুলী মোড় ও বড় বাজার এলাকায় অভিযান চালিয়ে এ জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম বিষয়টি নিশ্চিত করেছেন।

অভিযানের প্রথমে গাংনী পৌর এলাকার কাথুলী মোড় বাজারে শিশিরপাড়া গ্রামের সিদ্দিক আলীর ছেলে আলমগীর হোসেনকে সরকারি দামের চেয়ে বেশি দামে মাংস বিক্রি করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯ এর ৩৮ ধারা ভঙ্গের অপরাধে মালিক তার দোষ স্বীকার করায় দুই হাজার টাকা অর্থ দন্ড আদায় করা হয়।

অন্যদিকে, গাংনী বড় বাজার এলাকায় উত্তর পাড়া গ্রামের আব্দুল গফুরের ছেলে জাহাঙ্গীর হোসেনকে ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯ এর ৩৮ ধারা ভঙ্গের অপরাধে পাঁচ হাজার টাকা অর্থ দন্ডে দন্ডিত করা হয়।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান ভ্রাম্যমান আদালতের বিচারক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম।

মেহেরপুর জেনারেল হাসপাতালে

রোগীর স্বজনদের হামলা, ভাংচুর

মেহেরপুর জেনারেল হাসপাতালে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সেবিকা ও ওয়ার্ড বয়দের উপর হামলা চালিয়ে রোগীরা স্বজনরা। এসময় বেশ কিছু আসবাবপত্রও ভাংচুরের ঘটনা ঘটেছে। এ ঘটনায় নিরাপত্তাহীনতার কারণে কর্মবিরতিতে যাওয়ার কথা চিন্তা করছে মেহেরপুর জেনারেল হাসপাতাল কর্তৃপক্ষ।

সোমবার (১১ ডিসেম্বর) সকাল সাড়ে দশটার দিকে এ ঘটনা ঘটে। অভিযোগ উঠেছে সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন চেয়ারম্যানের লোকজনের উপর।

জানা গেছে, সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান মতিউর রহমানের আত্মিয় একই ইউনিয়নের গোপালপুর গ্রামের আলী হোসেন (৭২) পুরুষ ওয়ার্ডের বি-৩২ নম্বর বেডে চিকিৎসাধীন রয়েছেন। সকালে ওয়ার্ড ভিজিটের সময় রোগীর এটেনডেন্টকে ওয়ার্ডের বাইরে অপেক্ষা করতে বললে, তিনি সংক্ষুব্ধ হয়ে কয়েকজনকে ফোন দেন। এসময় শ্যামপুর ইউপি চেয়ারম্যান মতির ছোট ভাইসহ বহিরাগত আট দশ জন এসে ওয়ার্ডব, নার্স ও ডাক্তারদের উপর চড়াও হয়। এসময় ওয়ার্ড বয় হিমেল, ওয়ার্ড মাস্টার সেলিম সহ কয়েকজন আহত হয়।

হামলার ঘটনা জানতে পেরে মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে নেন এবং সংক্ষুব্ধদের তার কার্যালয়ে ডেকে নিয়ে যান। সেখানে কথা বলার ফাঁকে বহিরাগত আরো কয়েকজন সেখান থেকে বের হয়ে পাশে হাসপাতালের হিসাবরক্ষকের রুমে ভাঙচুর চালায়। এ সময় সিনিয়র স্টাফ নার্স বিউটি খাতুনসহ কয়েকজন সেবিকা ও ওয়ার্ডবয় লাঞ্ছিত হয়। ঘটনার পর শ্যামপুর ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতি ঘটনাস্থলে উপস্থিত হয়ে চিকিৎসকদের সঙ্গে সমঝোতার চেষ্টা করেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আাবাসিক মেডিক্যাল অফিসার (আরএমও) মো: ওবায়দুল্লাহ বলেন, ‘হাসপাতালে ওয়ার্ড ভিজিটের সময় এ ধরনের অনাকাঙ্খিত ঘটনা একটি নিয়মিত ব্যাপারে পরিণত হয়েছে। এর বেশি আমি আর কিছু বলতে পারব না।

শ্যামপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মতিউর রহমান মতি বলেন, ‘ঘটনার কথা শুনে আমি হাসপাতালে গেছিলাম।হাসপাতাল সুপারের সাথে কথা হয়েছে। ছোট একটা ভুল বোঝাবুঝি হয়েছিল, সমঝোতার প্রক্রিয়া চলছে।’

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জামির মোঃ হাসিবুর সাত্তার বলেন, ‘মেহেরপুর জেনারেল হাসপাতালে এ ধরনের ঘটনা প্রতিনিয়তই ঘটছে। তবে একজন জনপ্রতিনিধি আত্মীয়-স্বজনের কাছ থেকে এ ধরনের আচরণ কাম্য নয়। তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে তারা আজকে যে তাণ্ডব চালিয়েছে এতে হাসপাতলের সকল কর্মকর্তা কর্মচারী নিরাপত্তাহীনতায় ভুগছে। হাসপাতালের সকল স্টাফ কর্ম বিরতিতে যেতে চাচ্ছে। আমরা হাসপাতালের সকল স্টাফ মিটিংয়ে বসে একটি সিদ্ধান্ত নেব। আগের ঘটনাগুলোতে পুলিশে অভিযোগ করে কোন ফল পাওয়া যায়নি, আমরা সিদ্ধান্ত নিয়েছি এবার আদালতে মামলা করব।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ শেখ কনি মিয়া বলেন, ‘হাসপাতাল কর্তৃপক্ষ কোন অভিযোগ করেনি। আমি বাইরে থেকে ঘটনা শুনে ইন্সপেক্টর তদন্তকে ঘটনাস্থলে পাঠিয়েছি। লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে। ‘

গাংনীতে ১৬৭৬ পিস ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

আজ সোমবার (১১ ডিসেম্বর) সকালে উপজেলার তেরাইল বাজার এলাকায় মেহেরপুর র্যাব ক্যাম্পের কমাণ্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান এর নেতৃত্বে অভিযান পরিচালনা করে ১৬৭৬ পিস ইয়াবা ট্যাবলেট সহ দুজন চিহিৃত মাদক ব্যবসায়ীকে আটক করে র্যাব।

আটককৃতরা হচ্ছে চট্রগ্রাম রাউজান উপজেলার কদলপুর আমিরপাড়া নুর মিয়ার ছেলে সোলেমান হায়দার (৪৫) ও মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামরে মৃত আব্দুল গণির ছেলে জাহাঙ্গীর আলম (৩৭)।

র্যাব-১২ সিপিসি-৩ কোম্পানী কমান্ডার সহকারি পুলিশ সুপার মনরিুজ্জামান সোমবার দুপুরে এক প্রেস প্রেস ব্রিফিংয়ে অভিযানের বিষয়টি সাংবাদিকদের সামনে তুলে ধরনে।

তিনি জানান, চট্রগ্রাম থেকে ইয়াবা সংগ্রহ করে ঢাকায় আসে সোলেমান

হায়দার। গতকাল রাতে ঢাকা থেকে পরিবহনযোগে ইয়াবা নিয়ে গাংনীর তেরাইলে বিক্রয়ের উদ্দশ্যে আসে। তেরাইল বাজারে অবস্থান করার সময় অভিযান চালায় র্যাব। এ অভিযানে সোলেমান ও তার স্থানীয় সঙ্গী জাহাঙ্গীর আলমকে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ১ হাজার ৬৭৬ পিস ইয়াবা। তাদের দু’জনের নামে বিভিন্ন থানায় মাদকের একাধিক মামলা রয়ছে। তারা চিহ্নিত মাদক ব্যবসায়ী বলেও জানান র্যাব কমান্ডার।

র্যাব সুত্রে জানা গেছে, আটক দু’জনের নামে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।